



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.১৮.১০৬.২০২২-২২৪

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩০  
৩০ এপ্রিল ২০২৩

বিষয়: নির্বাচনি এলাকায় বিদ্যমান সকল প্রকার নির্বাচনি প্রচারণা সামগ্রী অপসারণ।

সূত্র: নির্বাচন কমিশনের পত্র সংখ্যাঃ ১৭.০০.০০০০.৩৪.৩৭.০০২.২২-২৪১, তারিখ: ২৫ এপ্রিল ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর সিটি কর্পোরেশন ২৫ মে, ২০২৩ খুলনা, বরিশাল সিটি কর্পোরেশন ১২ জুন ২০২৩ এবং রাজশাহী ও সিলেট সিটি কর্পোরেশনের নির্বাচন ২১ জুন ২০২৩ তারিখে অনুষ্ঠিত হবে। সম্ভাব্য প্রার্থীগণের পোস্টার, ব্যানার, দেয়াল লিখন, বিলবোর্ড, গেইট, তোরণ বা ঘের, প্যাডেল ও আলোকসজ্জা ইত্যাদি প্রচারণা সামগ্রী ও প্রার্থীগণের নির্বাচনী ক্যাম্প থাকলে সেগুলো অপসারণের জন্য নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন। এ লক্ষ্যে সম্ভাব্য প্রার্থীগণের উক্তরূপ নির্বাচনী প্রচারণা সামগ্রী থাকলে তা মনোনয়ন দাখিলের শেষ তারিখ রাত ১২.০০ টার পূর্বে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে নিজ খরচে অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিটি কর্পোরেশনসহ বিভিন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণে নির্দেশনা প্রদানের জন্য সূত্রোক্ত পত্রে অনুরোধ জানানো হয়েছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, বাংলাদেশ নির্বাচন কমিশনের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

মোহাম্মদ জহিরুল ইসলাম  
উপসচিব

ফোন: ৫৫১০০৪০৯

ই-মেইল: [lgcc2@lgd.gov.bd](mailto:lgcc2@lgd.gov.bd)

- ০১। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী, খুলনা, গাজীপুর, সিলেট ও বরিশাল সিটি কর্পোরেশন।
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী, খুলনা, গাজীপুর, সিলেট ও বরিশাল।

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. জেলা প্রশাসক, রাজশাহী, খুলনা, গাজীপুর, সিলেট ও বরিশাল।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩. অফিস কপি।